আজকের কাগজ

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 2

নকলে বাধা দেয়ায়

# যশোর পলিটেকনিকে ছাত্ররা শিক্ষকদের বের করে দিয়েছে

যশোর পলিটেকনিক ইনস্টিটিউটের পর্ব সমাপনী পরীক্ষায় নকলে বাধা দেয়ায় ছাত্ররা পরীক্ষা পরিদর্শকদের বের করে দিয়েছে। শিক্ষকগণ নকলকারী ছাত্রদের বাধা দিতে চাইলে ছাত্ররা রড, হকিস্টিক দিয়ে পরিদর্শকদের ওপর হামলা চালাতে উদ্যত হয়। এতে পরিদর্শকরা বেড়িয়ে যেতে বাধ্য হন। জেলা প্রতিনিধির ফোন।

কর্তব্যরত শিক্ষকরা অভিযোগ করেছেন, ছাত্রদের এই অসৌজন্যমূলক আচরণের সময় কর্তব্যরত ম্যাজিস্ট্রেট ও পুলিশ নিরব ভূমিকা পালন করেছে। বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি যশোর শাখা এক বিবৃতিতে এ ঘটনার নিন্দা করেছে। শিক্ষকেরা পরবর্তী সকল পরীক্ষা বর্জন করার সিদ্ধান্ত নিয়েছে।

নকলে বাধা দিতে পারেন এই আশংকায় গত ২৯ নভেম্বর রাতে ছাত্ররা অধ্যক্ষকে বের করে দিয়েছে।